

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন

১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd: যুউঅ.বাংলা



স্মারক নং- ৩৪.০১.০০০০.০০৫.২৩.০২৮.২২- ৮২৬৬

তারিখ : ২০/১০/২০২২ খ্রি।

বিষয়: জাতীয় যুব দিবস ২০২২ উদযাপন।

আগামী ১ নভেম্বর ২০২২ তারিখে “জাতীয় যুব দিবস ২০২২” সাড়ম্বরে উদযাপিত হবে। সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর সোনার বাংলা গড়ার প্রত্যয়ে জাতীয় উন্নয়নে যুব সমাজের অপরিহার্যতার প্রেক্ষাপটে “জাতীয় যুব দিবস ২০২২” এর প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে :

**“প্রশিক্ষিত যুব, উন্নত দেশ
বঙ্গবন্ধুর বাংলাদেশ।”**

০২। “জাতীয় যুব দিবস ২০২২” উপলক্ষ্যে জাতীয় পর্যায়ে উদ্বোধনী অনুষ্ঠান, জাতীয় যুব পুরস্কার প্রদান ও সাংস্কৃতিক অনুষ্ঠান, যুব র্যালি, যুবমেলাসহ বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা “জাতীয় যুব দিবস ২০২২” এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে শুব উদ্বোধন করবেন মর্মে আশা করা হচ্ছে। মাঠ পর্যায়েও যথাযোগ্য মর্যাদায় দিবসটি উদযাপন করার লক্ষ্যে বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী কর্মকর্তার পরামর্শ ও সহযোগিতা নিয়ে অন্যান্য বছরের ন্যায় এ বছরেও জেলা/উপজেলা পর্যায়ে উদ্বোধনী অনুষ্ঠান, আলোচনা সভা, সফল আত্মকর্মী/সফল যুব সংগঠকদের পুরস্কার প্রদান, সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনসহ প্রশিক্ষণ সনদপত্র ও ঋণের চেক বিতরণ, রক্তদান কর্মসূচি, যুব প্রশিক্ষণ কেন্দ্রে/ আত্মকর্মীর পুকুরে মাছের পোনা অবমুক্তকরণ, পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান, মাদক ও সন্ত্রাস-জঙ্গিবাদবিরোধী জনসচেতনতামূলক অনুষ্ঠানের আয়োজন করা যেতে পারে।

০৩। এলাকার মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রী/সংসদ সদস্য ও বিভাগীয় কমিশনার/জেলা প্রশাসক/জেলা পরিষদ চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের মেয়র/পৌর মেয়র/উপজেলা পরিষদ চেয়ারম্যান/উপজেলা নির্বাহী অফিসারসহ প্রশিক্ষিত যুবক/যুবমহিলা, সফল আত্মকর্মী/সফল যুবসংগঠক, এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গকে অতিথি হিসেবে আমন্ত্রণপূর্বক তাঁদের পরামর্শক্রমে কর্মসূচি গ্রহণপূর্বক অনুষ্ঠান বাস্তবায়ন করা যেতে পারে। এছাড়া সকল কর্মকর্তা-কর্মচারীদের সম্পূর্ণ করে তাঁদেরকে দায়িত্ব প্রদানপূর্বক জাতীয় যুবদিবস ২০২২ উদযাপনের প্রয়োজনীয় প্রস্তুতি/ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। একইসঙ্গে জাতীয় যুবদিবসের অনুষ্ঠান সফলভাবে প্রচারের লক্ষ্যে স্থানীয় গণমাধ্যমকর্মীদের আমন্ত্রণপূর্বক তাঁদের সহযোগিতা গ্রহণেরও অনুরোধ করা হলো।

০৪। “জাতীয় যুব দিবস ২০২২” যথাযোগ্য মর্যাদায় উদযাপনের নিমিত্ত যুব উন্নয়ন অধিদপ্তরধীন বিভাগীয় জেলা কার্যালয়ে (ঢাকা জেলা ব্যতীত) ২০,০০০/-x ৭ টাকা, প্রতিটি জেলা কার্যালয়ে ১৫,০০০/-x ৫৬ টাকা এবং প্রতিটি উপজেলা কার্যালয়ে ১০,০০০/- টাকা হারে (সদর/ইউনিট থানা ব্যতীত ৪২৭টি) বাজেট বরাদ্দ দ্রুত প্রেরণ করা হচ্ছে। প্রদত্ত বরাদ্দেই স্থানীয় প্রশাসন এবং যুব সংগঠনসমূহকে সম্পূর্ণ করে “জাতীয় যুব দিবস ২০২২” এর কর্মসূচি প্রণীত হতে পারে।

০৫। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঐতিশ্রুত ভিশন ২০৪১ এর আলোকে একটি সুখী-সমৃদ্ধ উন্নত বাংলাদেশ বিনির্মাণের প্রত্যয়ে সংশ্লিষ্ট সকলকে সম্পূর্ণ করে “জাতীয় যুবদিবস ২০২২” উদযাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

(মোঃ আজহারুল ইসলাম খান)

মহাপরিচালক

ফোন : ২২৩৩৮৯৩৮৯।

০১। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, জেলা।


০২। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, উপজেলা জেলা।

স্মারক নং- ৩৪.০১.০০০০.০০৫.২৩.০২৮.২২- ২২৬৩

তারিখ : ২০/১০/২০২২ খ্রি।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। মাননীয় চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, রাঙামাটি/খাগড়াছড়ি/বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।
- ০২। বিভাগীয় কমিশনারসকল) বিভাগ।
- ০৩। পরিচালক/প্রকল্প পরিচালক,(সকল)), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৪। জেলা প্রশাসক, (সকল) জেলা।
- ০৫। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল) উপজেলা জেলা।
- ০৮। উপজেলা নির্বাহী কর্মকর্তা, (সকল) উপজেলা জেলা।
- ০৯। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ১০। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক,।
- ১১। কো-অর্ডিনেটর, যুবপ্রশিক্ষণ কেন্দ্র/অধ্যক্ষ, কে.মা.স.উ.কে., যুব উন্নয়ন অধিদপ্তর,।
- ১২। ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর, জেলা।
- ১৩। সহকারী পরিচালক (আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। (তাকে পত্রটি যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েবসাইটে দেয়ার জন্য অনুরোধ করা হলো।
- ১৪। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,(সকল) জেলা।
- ১৫। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,(সকল) উপজেলা।
- ১৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ১৭। অফিস কপি।


(চায়না ব্যানার্জী)
সহকারী পরিচালক(প্রশাসন)
ফোন : ২২৩৩৮০৭৫৩